মীমাংসা প্রক্রিয়ায় দাবিদারের নির্দেশিকা

কর্মীদের ক্ষতিপূরণ সংক্রান্ত ফর্ম ও অতিরিক্ত তথ্য Workers' Compensation Board এর নিকটস্থ দপ্তরে যোগাযোগ করে অথবা বোর্ডের ওয়েবসাইট www.wcb.ny.gov-এ পাওয়া যাবে।

1. মীমাংসা - বোর্ড সেই দাবিগুলিকে মীমাংসার জন্য রাখে যেগুলি নিয়োগকর্তা বা বীমা কোম্পানির দ্বারা গৃহীত হয়েছে, কিন্তু যাতে কিছু সমাধান না হওয়া সমস্যা রয়ে গেছে। মীমাংসা প্রক্রিয়ার উদ্দেশ্য হল উভয়পক্ষের সহযোগিতামূলক দাবির ভিত্তিতে একটি ঘরোয়া ও দ্রুত সমাধান প্রদান করা; আহত কর্মী ও বীমা সংবাহক/স্ব-বীমাকৃত নিয়োগকর্তা।

2. মীমাংসাকারীগণ- বোর্ড থেকে বরিষ্ঠ অ্যাটর্নিদের দাবির মীমাংসাকারী হিসেবে নিয়োগ করা হয়। দাবি গ্রহণ করার পর মীমাংসাকারী বৈদ্যুতিন কেস ফাইলে থাকা যাবতীয় নথিপত্র পর্যালোচনা করবেন, যার দ্বারা পক্ষগুলির মধ্যে দ্বিমত বা ভুল-বোঝাবুঝি রয়েছে এমন সমস্যাগুলি সনাক্ত করা হবে। প্রয়োজনে মীমাংসাকারী নথিপত্রও, ফর্ম বা দাবির সমাধানের প্রস্তাব রাখার জন্য জরুরি তথ্য সংগ্রহের জন্য সবপক্ষের সঙ্গে যোগাযোগ করবেন।

3. বোর্ডের বৈদ্যুতিন কেস ফাইল - বোর্ডের কাছে দাবির উপর জমা দেওয়া যাবতীয় নথিপত্র একটি বৈদ্যুতিন কেস ফাইলে রাখা হয়। বৈদ্যুতিন কেস ফাইলটি এই দাবির সঙ্গে সংশ্লিষ্ট যে কোনো পক্ষ দেখতে পারে। কীভাবে ফাইল দেখতে হবে তার তথ্যের জন্য বোর্ডের যে কোনো দপ্তরে যোগাযোগ করুন।

4. আইনি কৌঁসুলি - আহত কর্মীরা এসব ক্ষেত্রে বোর্ডের কাছে নিজেদের প্রতিনিধিত্ব করতে পারেন অথবা প্রতিনিধি হিসেবে আইনি কৌঁসুলি থাকতে পারেন। আইনি কৌঁসুলি মীমাংসা প্রক্রিয়া চলাকালীন আহত কর্মীদের প্রতিনিধিত্ব করতে পারেন। কোনো আহত কর্মী প্রতিনিধিত্ব ধরে রাখার আকাঙ্ক্ষা প্রকাশ করলে কৌঁসুলিকে ধরে রাখা পর্যন্ত মীমাংসা প্রক্রিয়া মুলতুবী থাকবে।

5. আইনি কৌঁসুলির ফি - আইনি কৌঁসুলিকে ধরে রাখলে তার আইনি পরিষেবার ফি এর পরিমাণ বোর্ডের দ্বারা পর্যালোচনা করা হবে এবং অনুমোদিত হলে বীমার ধারক/স্ব-বীমাকৃত নিয়োগকর্তা বাকি থাকা ক্ষতিপূরণের সুবিধার থেকে তা প্রদান করবেন। আহত কর্মীদেরকে ক্ষতিপূরণের মামলায় তাদের প্রতিনিধি সরাসরি আইনি কৌঁসুলিকে কোনো অর্থ প্রদান করতে হবে না।

6. প্রস্তাবিত মীমাংসার সিদ্ধান্ত - বৈদ্যুতিন কেস ফাইল একবার ভালোভাবে পর্যালোচনা করা হয়ে গেলে মীমাংসাকারী সমস্ত সমস্যা সমাধানের জন্য একটি সিদ্ধান্তের প্রস্তাব করবেন এবং তা পক্ষগুলিকে পাঠাবেন অথবা, প্রয়োজন হলে, পক্ষগুলিকে নিয়ে বোর্ডে একটি বৈঠকের সময় স্থির করবেন এবং বৈঠকের পর প্রস্তাবিত সিদ্ধান্ত তাদের কাছে পাঠিয়ে দেবেন।

7. মীমাংসার বৈঠকগুলি - মীমাংসাকারী শুধুমাত্র প্রয়োজন হলেই পক্ষগুলিকে নিয়ে দাবি সম্পর্কে আলোচনা করতে বোর্ডে একটি বৈঠকের সময় স্থির করবেন। বৈঠকে আইনি কৌঁসুলি দাবিদারের প্রতিনিধিত্ব না করলে মীমাংসাকারী ব্যাখ্যা করে বলবেন যে দাবিদারের কৌঁসুলি পাওয়ার অধিকার রয়েছে এবং কৌঁসুলি প্রাপ্ত না হওয়া পর্যন্ত বৈঠকটি মুলতুবী করা যেতে পারে। প্রতিনিধিত্ব না করা দাবিদার মীমাংসা প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে অস্বীকার করলে বৈঠক শেষ হবে এবং মামলাটি প্রথাগত শুনানির সময়সূচিতে স্থানান্তরিত করা হবে। প্রতিনিধিত্ব না করা দাবিদার অগ্রসর হতে সম্মত হলে তাকে অগ্রসর হতে সম্মতি জানানোর একটি ফর্মে স্বাক্ষর করতে বলা হবে। বৈঠকে পক্ষগুলি কোনো ঐকমত্যে না পৌঁছলে মীমাংসাকারী নিজের বিচক্ষণতা অনুসারে একটি প্রাক-শুনানি সম্মেলনের আয়োজন করতে পারেন এবং একজন আইনি বিচারকের কাছে সমাধানের জন্য মামলাটি অগ্রসর করাতে পারেন, যাতে সমস্যাটির(গুলির) সমাধানে পক্ষগুলিকে সহায়তা করতে উপযুক্ত দিকনির্দেশ দেওয়া যায়।

8. আইনি কৌঁসুলি যে সকল দাবিদারের প্রতিনিধিত্ব করবেন তাদের আপত্তির সময়কাল - একবার প্রস্তাবিত সিদ্ধান্ত দায়ের করা হয়ে গেলে তা পর্যালোচনা ও বিবেচনা করতে পক্ষগুলির কাছে দায়ের করার তারিখের পর 30 দিন সময় থাকবে। এই 30 দিনের সময়কালে যে কোনো পক্ষ প্রস্তাবিত সিদ্ধান্তে দেওয়া ফলাফল বা রায় সম্পর্কে বোর্ডের কাছে লিখিত মন্তব্য জমা দিতে পারবেন, অথবা কোনো বৈঠক না হয়ে থাকলে পক্ষগুলিকে নিয়ে একটি বৈঠকের অনুরোধ করতে পারবেন। 30 দিনের আপত্তির সময়কালের মধ্যে কোনো লিখিত মন্তব্য বা বৈঠকের অনুরোধ না করা হলে প্রস্তাবিত সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

9. আইনি কৌঁসুলি যে সকল দাবিদারের প্রতিনিধিত্ব করবেন না তাদের আপত্তির সময়কাল - একবার প্রস্তাবিত সিদ্ধান্ত দায়ের করা হয়ে গেলে তা পর্যালোচনা ও বিবেচনা করতে পক্ষগুলির কাছে দায়ের করার তারিখের পর 30 দিন সময় থাকবে। এই 30 দিনের সময়কালে যে কোনো

পক্ষ প্রস্তাবিত সিদ্ধান্তে দেওয়া ফলাফল বা রায় সম্পর্কে বোর্ডের কাছে লিখিত মন্তব্য জমা দিতে পারবেন, অথবা কোনো বৈঠক না হয়ে থাকলে পক্ষগুলিকে নিয়ে একটি বৈঠকের অনুরোধ করতে পারবেন। 30 দিনের সময়কালের মধ্যে কোনো লিখিত মন্তব্য বা বৈঠকের অনুরোধ না করা হলে এবং কর্মীদের ক্ষতিপূরণের আইনি বিচারক প্রস্তাবিত সিদ্ধান্ত অনুমোদন করলে পক্ষগুলিকে বিজ্ঞাপিত করা হবে যে সিদ্ধান্তটি অনুমোদিত হয়েছে। প্রস্তাবিত সিদ্ধান্তটি অনুমোদিত হওয়ার বিজ্ঞপ্তি জারি হওয়ার পর প্রতিনিধিহীন দাবিদারের কাছে প্রস্তাবিত সিদ্ধান্তটি পর্যালোচনা ও বিবেচনা করার জন্য বিজ্ঞপ্তির তারিখের থেকে অতিরিক্ত 10 দিন সময় থাকবে। প্রতিনিধিহীন দাবিদার এই 10 দিন সময়কালের মধ্যে তিনি প্রস্তাবিত সিদ্ধান্ত থেকে প্রত্যাহার করছেন বলে বোর্ডকে বিজ্ঞাপিত করলে মামলাটি নিয়মিত শুনানির সময়সূচিতে স্থানান্তরিত করা হবে। এই 10 দিন সময়কালের মধ্যে কোনো প্রত্যাহারের বিজ্ঞপ্তি পাওয়া না গেলে সিদ্ধান্তটি চূড়ান্ত হবে।

10. আপত্তির সময়কালের মধ্যে গৃহীত আপত্তিগুলি - বোর্ডের দ্বারা 30 দিনের আপত্তির সময়কালের মধ্যে প্রস্তাবিত সিদ্ধান্তে রূপরেখা দেওয়া কোনো ফলাফল বা রায় সম্পর্কে আপত্তি প্রাপ্ত হলে মীমাংসাকারী আপত্তি বিশ্লেষণ করবেন এবং হয় পক্ষগুলির সঙ্গে যোগাযোগ করে অথবা একটি বৈঠকের সময় স্থির করে পক্ষগুলির দ্বারা গ্রহণযোগ্য একটি মীমাংসায় সম্মত করতে চেষ্টা করবেন। মীমাংসা অসফল হলে মামলাটিকে শুনানি প্রক্রিয়ায় পাঠানো হবে যার মধ্যে একটি প্রাক-শুনানি সম্মেলনও থাকতে পারে।

11. চূড়ান্ত সিদ্ধান্ত - অর্থপ্রদানের রায় - বীমার ধারকের/স্ব-বীমাকৃত নিয়োগকর্তার রায়ের অর্থ পরিমাণ প্রস্তাবিত সিদ্ধান্ত চূড়ান্ত হওয়ার তারিখের 10 দিনের মধ্যে প্রদান করা আবশ্যক। 10 দিনের মধ্যে অর্থপ্রদান করা না হলে বোর্ডের থেকে ধারকের/স্ব-বীমাকৃত নিয়োগকর্তার বিরুদ্ধে $500 অর্থদণ্ড দিতে পারে, যার মধ্যে $300 আহত কর্মীকে প্রদান করা হবে।

12. আপীল - মীমাংসার চূড়ান্ত হওয়া প্রস্তাবিত সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো পক্ষই আপীল করতে পারবেন না।

13. চিকিৎসা পরিচর্যা - প্রতিবন্ধকতার সময়কালের দৈর্ঘ্য যত কম বা যত বেশিই হোক না কেন, কাজের সঙ্গে সংশ্লিষ্ট আঘাতের বা অসুস্থতার জন্য যে চিকিৎসার প্রয়োজন হবে তা আহত কর্মীকে প্রদান করা হবে। প্রস্তাবিত সিদ্ধান্ত চূড়ান্ত হওয়ার পর অতিরিক্ত চিকিৎসা পরিচর্যার বা সুবিধার অর্থপ্রদানের প্রয়োজন হলে বোর্ডকে বিজ্ঞাপিত করুন এবং মীমাংসাকারী আবার দাবির পর্যালোচনা করবেন, যাতে পরবর্তী পদক্ষেপ নেওয়া যায় তার ইঙ্গিত দেওয়া হবে।

14. গোপনীয়তা - দাবির প্রক্রিয়াকরণের অথবা ক্ষতিপূরণের সুবিধার দাবির সমস্যাগুলি সমাধানের উদ্দেশ্য ভিন্ন কর্মীর ক্ষতিপূরণের রেকর্ডগুলি গোপনীয়। আহত কর্মী OC 110-a ফর্ম (ক্ষতিপূরণের রেকর্ড প্রকাশের জন্য দাবিদারের অনুমতি) পূরণের দ্বারা ক্ষতিপূরণের রেকর্ড প্রকাশের অনুমতি দিতে পারেন।

15. জালিয়াতি / অযোগ্যতা - কর্মীর ক্ষতিপূরণের সুবিধা পাওয়ার উদ্দেশ্যে কোনো ব্যক্তি জ্ঞানত মিথ্যা বিবৃতি দিলে তার জরিমানা, কারাদণ্ড এবং/অথবা কর্মীর ক্ষতিপূরণের সুবিধা পাওয়ার অযোগ্যতা প্রাপ্তি ঘটতে পারে।

প্রদত্ত তথ্য Workers' Compensation আইন সম্পর্কিত বিধান ও কার্যপ্রণালীর সাধারণ ও সরলীকৃত উপস্থাপনা। এটি আইন বা আইনি পরামর্শের কোনো বিকল্প নয়।